

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪০৭১(আগরতলা, ১।৩)
কমলপুর, ১ মার্চ, ২০২১

অনুর্ধ্ব ১৭ রাজ্যভিত্তিক খোখো প্রতিযোগিতার উদ্বোধন

ক্রীড়াক্ষেত্রে উন্নতির জন্য প্রয়োজন নির্দিষ্ট লক্ষ্য স্থির করা। নির্দিষ্ট লক্ষ্যকে পাথেয় করেই কেন্দ্রীয় ও রাজ্য সরকারের গৃহীত ক্রীড়া নীতি ও প্রকল্পের সুফল বাস্তবায়নের মাধ্যমে রাজ্যের ছেলেমেয়েরা জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়াঙ্গণে সুনাম অর্জন করতে পারবে। আজ কমলপুর টাউনহল প্রাঙ্গণে ত্রিপুরা স্কুল স্পোর্টস বোর্ড পরিচালিত খেলো ত্রিপুরার অন্তর্গত অনূর্ধ্ব ১৭ রাজ্যভিত্তিক খোখো প্রতিযোগিতার উদ্বোধন করে সাংসদ রেবতী ত্রিপুরা একথা বলেন। কমলপুর দ্বাদশশ্রেণী বিদ্যালয়ের মাঠে ৩ দিনব্যাপী এই প্রতিযোগিতা ৩ মার্চ পর্যন্ত চলবে।

প্রতিযোগিতার উদ্বোধন করে সাংসদ শ্রীত্রিপুরা বলেন, খেলাধুলার মাধ্যমে ক্যারিয়ার তৈরী করা সম্ভব। তিনি পড়াশুনার পাশাপাশি খেলাধুলাকেও গুরুত্ব দেওয়ার আহ্বান জানান। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দুর্গাচৌমুহনীর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সম্পা দাস, ধলাই জিলা পরিষদের সহকারী সভাপতি অনাদি সরকার, কমলপুর নগর পঞ্চায়েতের প্রাক্তন চেয়ারপার্সন প্রশান্ত সিনহা, প্রাক্তন কাউন্সিলার সুব্রত মজুমদার। সভাপতিত্ব করেন কমলপুর দ্বাদশশ্রেণী বিদ্যালয়ের প্রধান শিক্ষক দেবজিৎ রায়। রাজ্যভিত্তিক এই প্রতিযোগিতায় ৮টি জেলা থেকে ২০৪ জন প্রতিযোগী অংশগ্রহণ করছে।
